

অক্সফোর্ড স্কুলে স্বাগতম

অক্সফোর্ড স্কুল অক্সফোর্ড শহরের একটি জনপ্রিয় ও স্বপ্রতিষ্ঠিত ফাউন্ডেশন স্কুল। আমরা ১১ থেকে ১৯ বছর বয়সের ১১০০ ছাত্রছাত্রীদের উচ্চ মানের শিক্ষা দিয়ে থাকি। আমাদের স্কুল একটি 'বিজনেস অ্যান্ড এন্টারপ্রাইজ স্পেশালিস্ট স্কুল' কারণ এখানে ব্যবসা ও শিল্পোদ্যোগের শিক্ষার বিশেষ ব্যবস্থা আছে এবং সর্বশেষ অফস্টেড পরিদর্শনের সময়ে, স্থানীয় ব্যবসায়ী ও জনসমাজের সাথে আমাদের সহযোগিতামূলক কাজকে অতি উৎকৃষ্ট বলে বর্ণনা করা হয়েছে।

আমাদের ছাত্রছাত্রীরা আত্মবিশ্বাসী, সফল এবং তাদের ভাবনা ও অনুভূতিকে তারা স্পষ্ট ভাষায় প্রকাশ করতে সক্ষম। শিক্ষার ক্ষেত্রে তারা যেমন সফল তেমনি খেলাধুলা, শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রেও তাদের উল্লেখযোগ্য সাফল্য রয়েছে এবং পরিবেশের উন্নতিতে তারা যে ভাবে কাজ করেছে তাতে আমরা বিশেষ ভাবে গর্ব অনুভব করি।

অক্সফোর্ডশায়ারে আমরাই একমাত্র সেকেন্ডারী স্কুল যাদের 'গ্রীন ফ্ল্যাগ' শিরোপা দেওয়া হয়েছে, 'ইকো স্কুলস্ স্কীম'-এর জন্য আমাদের ছাত্রছাত্রীরা যে চমৎকার কাজ করেছে তারই স্বীকৃতিস্বরূপ স্কুল এই বিশেষ সম্মান পেয়েছে।

এই শহরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগত বহু জাতীয় অধিবাসীদের বাস, যে বৈচিত্র্য আমাদের স্কুলেও প্রতিফলিত হয়েছে এবং প্রকৃত অর্থে এখানে একটি আন্তর্জাতিক পরিবেশের সৃষ্টি হয়েছে। বৃটিশ কাউন্সিলের তরফ থেকে এই নিয়ে ক্রমান্বয়ে ছয় বছর ধরে আমাদের স্কুলকে 'ইন্টারন্যাশনাল বা আন্তর্জাতিক স্কুল' হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে।

সর্বোপরি আমাদের স্কুলে আমরা সকলকেই স্বাগত জানাই, এবং আমরা যে কাজই করি না কেন তাতে সফল হওয়াকেই আমরা আমাদের প্রধান লক্ষ্য বলে বিবেচনা করি।

প্রধান শিক্ষক

বাঙলা ভাষায় আমাদের স্বাগতবার্তা পড়তে হলে এইখানে ক্লিক করুন - (বাঙলা অনুবাদ)